“তোমাদের কেউ প্রকৃত মুমিন হতে পারবে না, যতক্ষণ না সে তার ভাইয়ের জন্য সেটাই পছন্দ করবে, যা তার নিজের জন্য পছন্দ করে”।

আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের খাদিম আবূ হামযাহ আনাস ইবনু মালিক রাদিয়াল্লাহু আনহু নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে বর্ণনা করেন, “তোমাদের কেউ প্রকৃত মুমিন হতে পারবে না, যতক্ষণ না সে তার ভাইয়ের জন্য সেটাই পছন্দ করবে, যা
তার নিজের জন্য পছন্দ করে”। [সহীহ] [সহীহ বুখারী ও মুসলিম]

নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম স্পষ্ট করে বলেছেন যে, কোনো মুসলিমের পূর্ণ ঈমান ততক্ষণ পর্যন্ত অর্জিত হয় না যতক্ষণ না দীন ও দুনিয়ার ইবাদত ও কল্যাণসমূহে সে তার ভাইয়ের জন্য তা পছন্দ করে যা সে নিজের জন্য পছন্দ করে এবং তার জন্য তা অপছন্দ করে যা সে তার নিজের জন্য অপছন্দ করে, যদি সে তার মুসলিম ভাইয়ের মধ্যে তার দীনের ঘাটতি দেখে তবে সে তা সংশোধন করার চেষ্টা করে এবং যদি সে তার মধ্যে কোনো ভাল দেখে, তাকে সঠিক কথা বলে ও তাকে সাহায্য করে এবং তাকে তার দীন ও দুনিয়ার বিষয়ে ভালো উপদেশ দেয়।

https://sunnah.global/hadeeth/bn/show/66520